রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সাদা ইয়ামনী কাপড়সমূহে কাফন দেওয়া হয়েছিল, তাতে কোন জামা ও পাগড়ী ছিল না।

আয়েশা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সাদা ইয়ামনী কাপড়সমূহে কাফন দেওয়া হয়েছিল, তাতে কোন জামা ও পাগড়ী ছিল না।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আয়েশা রাদিয়াল্লাহু আনহা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাফনের ধরণ, রং এবং সংখ্যা সম্পর্কে সংবাদ দেন। ইয়ামনে নির্মিত তিনটি সাদা চাদরে তাকে প্রবেশ করানো হয়। তাকে কোন জামা ও পাগড়ীতে আচ্ছাদিত করা হয়নি। অতিরিক্ত কাপড় দেওয়ার কারণ হচ্ছে মৃত ব্যক্তির সতর ডাকা জীবিত ব্যক্তির সতর ডাকা অপেক্ষা অধিক গুরুত্বপূর্ণ ও অধিক যত্ন নেওয়ার হকদার।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5319